৮.৩. সুইমিং পুলের অভ্যন্তরে সকল দ্রব্যাদির উপরিভাগ, আসবাবপত্র, চেঞ্জরুম, ওয়াশরুম পরিষ্কার ও জীবাণুমুক্ত করা এবং সকল অতিথি ও সেবা প্রদানকারী কর্মীর স্বাস্থ্যবিধি অনুসরণ করা।

৮.৪. প্রতিদিন ওয়াশিং এবং লন্ড্রি সরঞ্জাম সঠিক তাপমাত্রায় পরিষ্কার এবং জীবাণুমুক্তকরণ।

৮.৫. ঠিকাদার এবং পণ্য ও সেবা সরবরাহকারীদের স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পণ্য ও সেবা সরবরাহ নিশ্চিত করা।

৯. হাউজকিপিং

৯.১. লবি, রেস্টরুমসহ সকল সাধারণ ব্যবহার্য স্থান নিয়মিত জীবাণুমুক্ত করা।

৯.২. বারবার স্পর্শ করা হয় এমন স্থান যেমন: লাউঞ্জ, হল, করিডোর, লিফট, হাতল, বাটন, সুইচ, ডোরবেল ইত্যাদি নিয়মিত ও যথাযথভাবে জীবাণুমুক্তকরণ।

৯.৩. পরিচ্ছন্নতা কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা।

৯.৪. সকল প্রকার কাপড় (তোয়ালে, বিছানার চাদর, মাস্ক, টিস্যু ইত্যাদি) নিয়মিতভাবে পরিবর্তন করা এবং ব্যবহৃত কাপড় তাৎক্ষণিকভাবে লন্ড্রিতে প্রেরণ করা।

৯.৫. বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে কার্যকর পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন করা। যথাযথভাবে স্বাস্থ্যসম্মত উপায়ে বর্জ্য ব্যবস্থাপনা করা।

৯.৬. ঠিকাদার এবং পণ্য ও সেবা সরবরাহকারীর স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা সঠিকভাবে মেনে চলা।

১০. স্পেশাল র‍্যাপিড রেসপন্স টিম

১০.১. স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি ও সুরক্ষা বিষয় তদারকির পাশাপাশি জেলা COVID-19 সংক্রমণ প্রতিরোধ কমিটির সাথে প্রয়োজন অনুসারে যোগাযোগ রক্ষা করার জন্য একটি স্পেশাল র‍্যাপিড রেসপন্স টিম গঠন করা।

[বি: দ্র: এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যক হবে]



Cover coughs and sneezes



Wear a facemask
if you are sick



Clean and disinfect

Bangladesh Tourism Board
(National Tourism Organization)
BSL Office Complex (Hotel InterContinental), Level-3
Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh
www.tourismboard.gov.bd
www.beautifulbangladesh.gov.bd

MINISTRY OF CIVIL AVIATION AND TOURISM

Bangladesh Tourism Board
National Tourism Organization

কোভিড ১৯ চলাকালে হোটেল, মোটেল রিসোর্ট ও গেস্ট হাউজের জন্য অনুসরণীয় নির্দেশিকা

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

১. প্রবেশ পথ/ প্রাঙ্গন

১.১. প্রশিক্ষিত কর্মচারী দ্বারা প্রবেশের সময় আগত ব্যক্তির শরীরের তাপমাত্রা পরীক্ষা করা। উচ্চ তাপমাত্রা পাওয়া গেলে অতিথিকে আলাদা রুমে রাখা এবং ডাক্তারের সাথে পরামর্শ করা।

১.২. ডোরম্যান এবং অন্যান্য কর্মীদের অবশ্যই ইউনিফর্মযুক্ত পোশাক ও ফেস মাস্ক পরিধান করা।

১.৩. COVID-19 এর সন্দেহজনক অতিথিদের বিষয়ে অবিলম্বে স্থানীয় স্বাস্থ্য বিভাগকে অবহিত করা।

১.৪. COVID-19 সম্পর্কিত অডিও এবং ভিডিও বার্তা প্রচার ও প্রদর্শন করা।

১.৫. হোটেলের প্রবেশ পথে জুতা জীবানুমুক্তকরণের জন্য স্যানিটাইজড ডোর ম্যাট সরবরাহ করা।

১.৬. অতিথিদের সমস্ত লাগেজ জীবাণুমুক্ত করা।

২. অভ্যর্থনা কেন্দ্র ও লবি

২.১. হোটেলে চেক-ইন করার সময় বিদেশি পর্যটকের পিসিআর পরীক্ষা রিপোর্ট বা মেডিকেল রিপোর্ট সঠিকভাবে দেখে নেয়া।

২.২. পর্যটক অতিথিগণের ব্যক্তিগত তথ্যাদিসহ ভ্রমণ ইতিহাস রেকর্ডপূর্বক স্বাস্থ্য সুরক্ষার নির্দেশিকা সরবরাহ করা।

২.৩. অভ্যর্থনা ডেস্কে স্বাস্থ্য সুরক্ষা সরঞ্জাম যেমন: জীবাণুনাশক, টিস্যু, ফেস মাস্ক/ ফেস শিল্ড /চশমা, পিপিই, সুরক্ষামূলক অ্যাপ্রোন, লম্বা হাতার গাউন ইত্যাদি রাখা।

২.৪. বাংলাদেশের প্রচলিত ঐতিহ্য অনুসারে শুভেচ্ছা জানানোর জন্য আসসালামু আলাইকুম/ নমস্কার/ শুভ সকাল/ শুভ অপরাহ্ণ/ শুভ বিকেল/ শুভসন্ধ্যা এবং স্বাগতম ইত্যাদি ব্যবহার করা উচিত।

২.৫. সমস্ত হ্যান্ডলস এবং টেবিল টপস, ওয়ার্ক স্টেশন, চেয়ারের হাতল এবং হোটেল লবি/ সাধারণ স্থানসমূহ নিয়মিত জীবাণুমুক্ত করা।

২.৬. স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশ অনুসারে অতিথিদের ফেস মাস্ক ব্যবহার নিশ্চিত করা।

২.৭. অতিথিদের সাথে দেখা করতে আসা বহিরাগতদের প্রবেশ নিরুৎসাহিত করা। বহিরাগতকে প্রবেশের অনুমতি দেয়ার ক্ষেত্রে তাকে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে চলা নিশ্চিত করতে হবে।

২.৮. স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরিবেশকদের মাধ্যমে অতিথিদের ডিসপোজেবল ঠান্ডা তোয়ালে এবং স্বাগত পানীয় পরিবেশন করা।

২.৯. এক মিটার দূরত্ব বজায় রেখে অতিথিদের চেক-ইন এবং চেক-আউট কাজ সম্পন্ন করা।

২.১০ কাগজের ব্যবহার যথা সম্ভব কমানো।

৩. লিফট

৩.১. লিফট নিয়ন্ত্রণ বোতাম এবং হাত রাখার রেলিংসমূহ নিয়মিত এবং ঘন ঘন জীবাণুমুক্ত করা। লিফটের কভারিং শিট নিয়মিত পরিষ্কার করার ব্যবস্থা করা এবং প্রয়োজনে প্রতিস্থাপন করা।

৩.২. জনাকীর্ণ লিফট ব্যবহার নিরুৎসাহিত করা। অতিথিদের লাগেজ তাদের রুমে পৌঁছানোর কাজে লিফট ব্যবহার করা।

৪. অতিথি কক্ষ ও করিডোর

৪.১. লিফট, লবি এবং করিডোর নিয়মিত জীবাণুমুক্তকরণ নিশ্চিত করা।

৪.২. করিডোরে মুক্ত বায়ু চলাচলের ব্যবস্থা নিশ্চিত করা।

৪.৩. দরজার হাতল নিয়মিতভাবে জীবাণুমুক্ত করা।

৫. অতিথি কক্ষ সেটিং ও পরিচ্ছন্নতা

৫.১. পরিচ্ছন্নতা ও রুম সেটিংয়ের কাজে নিযুক্ত কর্মচারীর মাস্ক এবং গ্লাভস পরিধান নিশ্চিত করা।

৫.২. কক্ষে প্রবেশের পূর্বে জুতা জীবাণুমুক্ত করা।

৫.৩. রিমোট কন্ট্রোল, টেলিফোন হ্যান্ডসেট ইত্যাদি পোর্টেবল ডিভাইস, কাপ, সসার, চামচ, দরজা, জানালা, ওয়ার্ড্রোবস, লকার, মিনি-ফ্রিজ, আয়না, দেয়াল, আসবাবপত্রের উপরিভাগ, মেঝে, সিলিং, টয়লেট উপকরণ জীবাণুমুক্ত করা।

৫.৪. কক্ষে ছোট স্যানিটাইজার ও মাস্ক সরবরাহ করা।

৬. রেস্তোরাঁ, ডাইনিং এবং বার

৬.১. রেস্তোরাঁ/ ডাইনিং/ বারের দরজা খোলা রাখা এবং স্বাস্থ্যবিধি অনুসারে মাস্ক এবং গ্লাভস পরিহিত ডোরম্যান, বেলম্যান কর্তৃক করমর্দন ও আলিঙ্গন পরিহার করে বিনয়ের সাথে অভ্যর্থনা জানানো।

৬.২. দিনের শেষে ডাইনিং, বার এলাকা, দরজা, টেবিল, চেয়ার, সার্ভিস স্টেশন ইত্যাদি জীবাণুমুক্ত করা।

৬.৩. নিয়মিত ব্যবহৃত কফি মেশিন, সোডা মেশিন এবং অন্যান্য মেশিনগুলি জীবাণুমুক্ত করা।

৬.৪. রেস্তোরাঁ কর্মীদের আবশ্যিকভাবে মাস্ক এবং সানিটাইজার ব্যবহার করাসহ সামাজিক/ ব্যক্তিগত দূরত্ব বজায় রাখা।

৬.৫. সামাজিক/ ব্যক্তিগত দূরত্ব বিবেচনা করে রেস্তোরাঁয় বসার ব্যবস্থা করা। একই পরিবারের একাধিক সদস্য একটি বড় টেবিলে দূরত্ব বজায় রেখে বসতে পারবেন।

৬.৬. অতিথিদের বসার পরে উষ্ণ ক্রোকারি সরবরাহ করা।

৬.৭. ব্যবহারের আগে ও পরে মেনু কার্ড এবং বিল ফোল্ডার স্যানিটাইজ করা। নগদ লেনদেন নিরুৎসাহিত করা।

৬.৮. বুফের ক্ষেত্রে বুফে কাউন্টারের পিছনে দাঁড়িয়ে থাকা নির্ধারিত পরিবেশন কর্মী দ্বারা পরিবেশন নিশ্চিত করা।

৭. রান্নাঘর ও বর্জ্য ব্যবস্থাপনা

৭.১. দরজা, জানালা, আসবাবপত্র, চুলা, থালাবাসন রান্নার সরঞ্জাম, স্টোর হাউস, রেফ্রিজারেটর, মেঝে, দেয়াল ইত্যাদিসহ রান্নাঘর পুরোপুরি পরিষ্কার ও জীবাণুমুক্ত করা।

৭.২. রান্নাঘরে কর্মরত সকল কর্মীর ফুটওয়্যার, মাস্কসহ পরিচ্ছন্ন ইউনিফর্ম থাকা এবং খাবার পরিবেশন করার সময় গ্লাভস ব্যবহার করা।

৭.৩. খালি পাত্র/ বিন অবশ্যই ভালভাবে ধুয়ে পরিষ্কার এবং স্যানিটাইজ করা।

৭.৪. বর্জ্য ব্যবস্থাপনার সাথে জড়িত কর্মীদের বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে যথাযথ প্রশিক্ষণ থাকা এবং সুরক্ষামূলক গ্লাভস এবং বুট পরা।

৮. বিনোদন সেবা এবং অন্যান্য সুবিধাদি

৮.১. অতিথিদের বিনোদন ক্ষেত্র যেমন: ডিস্কো ক্লাব, দর্শক সমেত সাংস্কৃতিক অনুষ্ঠান, স্পা, জিম এবং খেলার ঘর জীবানুমুক্তপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে খোলা রাখা।

৮.২. কক্ষ এবং সাধারণ জায়গায় ধূমপান নিষিদ্ধ করা।